খুলনায় ওজোপাডিকো’র অনিয়ম-দূর্নীতির বিরুদ্ধে গ্রাহকদের সংবাদ সম্মেলন

খুলনায় ওজোপাডিকোর প্রি-পেইড মিটারে বিদ্যমান দুর্নীতি-অনিয়ম তুলে ধরে সংবাদ সম্মেলন করেছেন স্থানীয় গ্রাহকদের সমন্বয়ে গঠিত ‘সংগ্রাম কমিটি’।
সোমবার সকালে খুলনা প্রেসক্লাবে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। এ সময় ১২ দফা নতুন আন্দোলন কর্মসূচী ঘোষনা করেন সংগ্রাম কমিটির নেতারা।
ঘোষিত কর্মসূচির মধ্যে রয়েছে, ১৬ জুলাই জেলা প্রশাসকের মাধ্যমে এবং বুধবার ১৭ জুলাই বিভাগীয় কমিশনারের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি পেশ, ১৮ জুলাই দুদক চেয়ারম্যান বরাবর বিভাগীয় পরিচালকের মাধ্যমে স্মারকলিপি পেশ, ১৯ থেকে ৩১ জুলাই পর্যন্ত সংগ্রাম কমিটির থানা ও ওয়ার্ড কমিটি গঠন, আগষ্ট মাসজুড়ে ২১ জেলায় মতবিনিময় এবং সেপ্টেম্বরের প্রথম সপ্তাহে কনভেনশন।
খুলনা প্রেসক্লাবের হুমায়ুন কবির বালু মিলনায়তনে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন, সংগ্রাম কমিটির আহবায়ক ডা: শেখ বাহারুল আলম।
লিখিত বক্তব্যে বলা হয়, প্রধানমন্ত্রী শেখ হাসিনা যখন দেশের বিদ্যুৎ খাতের অভূতপূর্ব সাফল্য অর্জন করেছেন, প্রধানমন্ত্রীর দক্ষ নেতৃত্বে যখন ডিজিটাল বাংলাদেশের শ্লোগান নিয়ে দেশ ক্রমান্বয়ে এগিয়ে যাচ্ছে ঠিক তখনই খুলনাসহ পদ্মার এপারের একুশ জেলা নিয়ে গঠিত ওয়েষ্ট জোন পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানীর (ওজোপাডিকো) ব্যবস্থাপনা পরিচালকসহ কর্মকর্তারা এ অঞ্চলের বিদ্যুৎ গ্রাহকদের নিষ্পেষনের জালে নিমজ্জিত করে নিজেদের আখের ঘোচাতে ব্যস্ত রয়েছেন।
সংবাদ সম্মেলনে বলা হয়, প্রি-পেইড মিটার নামক যন্ত্রদানব খুলনার গ্রাহকদের ওপর চাপিয়ে দিয়ে ওজোপাডিকো নিজেদের ফায়দা হাসিলের চেষ্টা করার যে প্রক্রিয়া শুরু করেছে তার বিরুদ্ধে সম্প্রতি জনগনের স্বার্থে আন্দোলন শুরু হয়। ইতোমধ্যে প্রি-পেইড মিটারে বিদ্যমান দুর্নীতি প্রতিরোধে সংগ্রাম কমিটি গঠনের মধ্যদিয়ে সংবাদ সম্মেলন, মানব বন্ধনসহ বিভিন্ন কর্মসূচি পালন করা হয়েছে। এক পর্যায়ে বিষয়টি খুলনা সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ¦ তালুকদার